

পরামর্শক বা উপদেষ্টা নিয়োগ

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (পরামর্শক বা উপদেষ্টা নিয়োগ) প্রবিধানমালা, ২০১১

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ১২ নম্বর আইন) এর ধারা ১১ এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ এতদ্বারা নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।— (১) এই প্রবিধানমালা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (পরামর্শক বা উপদেষ্টা নিয়োগ) প্রবিধানমালা, ২০১১ নামে অভিহিত হইবে।

(২) ইহা সরকারী গেজেটে প্রকাশের তারিখ হইতে অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।— (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) “আইন” অর্থ বীমা (২০১০ সালের ১৩ নম্বর আইন);

(খ) “কর্তৃপক্ষ” অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ১২ নম্বর আইন) এর ধারা ০৩ এর বিধান অনুসারে গঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

(২) এই বিধিমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন), অথবা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ১২ নম্বর আইন), এ যেঅর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থ প্রযোজ্য হইবে।

৩। পরামর্শক বা উপদেষ্টা নিয়োগের ন্যূনতম নীতি।— (১) একজন ব্যক্তি পরামর্শক বা উপদেষ্টার পদ ধারণ করিবার মত উপযুক্ত ও যথাযথ ব্যক্তি কি না তাহা নির্ধারণে কর্তৃপক্ষ নিম্নউল্লিখিত বিষয়গুলি বিবেচনা করিবে :

(ক) সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে তাহার সততা, যোগ্যতা ও বিচক্ষণতা;

(খ) অধ্যবসায়, তাহার সাহায্যে তিনি উক্ত দায়িত্বসমূহ পালন করিতেছেন বা সম্ভাব্য পালন করিবেন; এবং

(গ) তাহার সংশ্লিষ্ট পদে অধিষ্ঠিত হইবার কারণে পলিসিগ্রাহকগণের স্বার্থ কোনভাবে হুমকির সম্মুখীন হইবে কি না।

(২) উপ-প্রবিধান (১) এর ব্যাপকতার ক্ষতিসাধন না করিয়া সংশ্লিষ্ট ব্যক্তির পূর্ববর্তী আচরণ ও কার্যক্রম বিবেচনা করা যাইতে পারে, এবং বিশেষত স্পষ্টভাবে বিবেচনায় নিতে হইবে যে, তিনি—

- (ক) কোন সময় আদালত কর্তৃক দেউলিয়া সাব্যস্ত হইয়াছিলেন কি না;
- (খ) কোন অভিযোগে অপরাধী প্রতিপন্ন হইয়াছিলেন কি না যাহা কর্তৃপক্ষের বিবেচনায় নৈতিক স্থলন;
- (গ) যেকোন ক্ষমতায় অধিষ্ঠিত হইয়া ব্যাংক বা বীমা কোম্পানি বা অন্য যেকোন আর্থিক প্রতিষ্ঠানে তাহার পদের অপব্যবহার করিয়াছেন কি না;
- (ঘ) কোন ব্যবসায়িক আচরণের সহিত জড়িত হইয়াছেন কি না যাহা কর্তৃপক্ষের নিকট প্রতারণাপূর্ণ, নির্যাতনকর বা অন্যভাবে অযথাযথ প্রতীয়মান হয়, বেআইনী হুক বা না হুক, অথবা যাহা অন্য কোনভাবে তাহার ব্যবসায় পরিচালনার পদ্ধতির উপর কলঙ্ক প্রতিফলিত করে;
- (ঙ) অন্য কোন ব্যবসায়িক আচরণের সহিত জড়িত বা উহার সহযোগী হইয়াছেন কি না অথবা অন্য কোন ভাবে নিজকে পরিচালিত করিয়াছেন কি না যাহাতে তাহার বিচারবুদ্ধির যোগ্যতা ও যথাযথতা লইয়া সন্দেহের উদ্বেক হয়।

৪। মুখ্য নির্বাহী কর্মকর্তার জন্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা।— বীমাকারীর মুখ্য

নির্বাহী কর্মকর্তা হওয়ার জন্য একজন ব্যক্তিকে —

- (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অনূন্য দ্বিতীয় শ্রেণী বা সমপর্যায়ের মানসম্পন্ন ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রী থাকিতে হইবে এবং কোন স্বীকৃত পেশাদারী সংস্থা হইতে বীমা বা একচুয়ারিয়াল বিজ্ঞান বা হিসাব বিজ্ঞান বা জরিপ বা ইসলামী শরীয়াহ্ এর উপর পেশাগত দক্ষতা থাকিতে হইবে;
- (খ) তাহার বিশেষায়িত পরিমন্ডলে অনূন্য ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

